



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।
নিলাম শাখা

প্রকাশ্য নিলাম নং-০২/২০২৪ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হচ্ছে যে, কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রাম এর নির্দেশক্রমে কাস্টমস অকশন শেডে আগামী ১৩.০২.২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় লট নম্বর- OBPC-1/1019/23-ভুক্ত (1) Pabda Clean (2) Hilsa Roe (3) Koi Clean (4) Moilla Clean (5) Bashpata,W (6) Keski,W (7) Bozuri Clean (8) Chapila Clean & (9) Ayre Clean Net weight: 13,228.205 Kgs এবং সংরক্ষিত মূল্য ১,৪৪,৩৪,০৬৩.৪১ (এক কোটি চুরাশ্লিশ লক্ষ চৌত্রিশ হাজার তেষট্টি দশমিক চার এক) টাকা এর প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। আগ্রহী ক্রেতাগণ পণ্যচালান আগামী ১২.০২.২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী সর্বোচ্চ ডাককারী সর্বোচ্চ ডাকমূল্যের জামানতস্বরূপ ডাকমূল্যের ২০% ই-পেমেন্ট/এ চালান/ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে নিলাম কর্তৃপক্ষের নিকট তৎক্ষণাত জমা প্রদান করতে হবে। নিলামের অনুমোদিত সর্বোচ্চ ডাকমূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত ১০% হারে আয়কর ও ৭.৫০% হারে ভ্যাটসহ ডাকমূল্যের অবশিষ্ট অর্থ পরিশোধপূর্বক ডাককারীকে দ্রুততম সময়ের মধ্যে পণ্য খালাস গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, সর্বোচ্চ ডাককারী কর্তৃক আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর শর্ত প্রতিপালন সাপেক্ষে পণ্যচালানটি খালাসযোগ্য।

আদেশক্রমে
কমিশনার অব কাস্টমস,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

নিলাম শাখা

Website: www.chc.gov.bd / E-mail: customhousectg@gmail.com

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম শাখা/১৪৮/আইনানুগ কার্যক্রম/২০২৩/

তারিখ :

বিষয় : লট নং-ওবিপিসি-১/১০১৯/২৩ ভুক্ত পণ্যচালানটির নিলামযোগ্য ০৯টি পণ্যের প্রকাশ্য নিলাম নং-০২/২০২৪ আয়োজন এবং ব্যাপক প্রচারণা/মাইকিংকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। লট নং-ওবিপিসি-১/১০১৯/২৩, বিএল নং-224470673, Rot. No. 2023/1357 ভুক্ত ০৯টি পণ্য (নীট ওজন ১৩,২২৮.২০৫ কেজি) (1) Pabda Clean, (2) Hilsa Roe, (3) Koi Clean, (4) Moilla Clean, (5) Bashpaḥa, W (6) Keski, W (7) Bozuri Clean, (8) Chapila Clean & (9) Ayre Clean এর প্রকাশ্য নিলাম নং-০২/২০২৪ আগামী ১৩/০২/২০২৪ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় সময় নির্ধারণ করা হয়েছে। উক্ত ০৯টি পণ্যের সংরক্ষিত মূল্য ১,৪৪,৩৪,০৬৩.৪১ (এক কোটি চুয়াল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার তেষটি দশমিক চার এক) টাকা। প্রকাশ্য নিলাম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং বিডার/ক্রেতাগণ যাতে উক্ত প্রকাশ্য নিলামে সঠিক সময়ে অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে ব্যাপক প্রচারণার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে আগামী ১১/০২/২০২৪ খ্রি. তারিখে কমপক্ষে ০২ (দুই) কিলোমিটার পর্যন্ত চতুর্দিকে এবং নিকটবর্তী স্থানে বিশেষ করে উক্ত পণ্যের বাজার এলাকায় মাইকিং এর ব্যবস্থা করার জন্য বলা হলো। একইসাথে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি ও ক্যাটালগ কাস্টম হাউস, চট্টগ্রামের নোটিশ বোর্ড ও নিলাম শাখার নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থাসহ আগামী ১৩/০২/২০২৪ খ্রি. তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় প্রকাশ্য নিলাম আয়োজন করার জন্য বলা হলো।

প্রাপক: মেসার্স কে এম কর্পোরেশন
৩০৬, স্ট্যান্ড রোড, মাঝির ঘাট,
চট্টগ্রাম

স্বাক্ষর :-
(মোঃ মোস্তাফিজুর রহমান নান্না)
রাজস্ব কর্মকর্তা
ডেপুটি কমিশনার এর পক্ষে
কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং-৫/কা.হা.চট্ট./নিলাম শাখা/১৪৮/আইনানুগ কার্যক্রম/২০২৩/১১০

তারিখ: ০৭/২/২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। প্রোগ্রামার, কাস্টম হাউস, চট্টগ্রাম (জারিকৃত পত্রটি কাস্টম হাউস, চট্টগ্রামের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। অফিস কপি।

স্বাক্ষর :-
০৭.০২.২৪
(মোঃ মোস্তাফিজুর রহমান নান্না)
রাজস্ব কর্মকর্তা